BRAC UNIVERSITY

Inspiring Excellence

ব্র্যাক ইউনিভার্সিটি

জেনারেল এডুকেশন প্রোগ্রাম

বাংলা ভাষা ও সাহিত্য

বাংলা ভাষা ও সাহিত্য-১০৩ (BNG-103)
সামার–২০২০
তিন ক্রেডিট কোর্স

কোর্সের বিবরণ

এই কোর্স ভাষা ও সাহিত্য দুটি সমন্বিত অংশকে মাথায় রেখে সাজানো হয়েছে। সাহিত্য অংশে কবিতা, ছোটগল্প, প্রবন্ধ মিলিয়ে এমন সব প্রতিনিধিত্বশীল এবং শিক্ষার্থীদের বোধগম্য রচনা রাখা হয়েছে, যেগুলো পাঠে তারা বাংলা সাহিত্য সম্পর্কে সংক্ষিপ্ত অথচ সংহত ধারণা লাভ করবে। সেই সঙ্গে রাষ্ট্রভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে অর্জিত স্বাধীন-সার্বভৌম রাষ্ট্র হিসেবে বাংলাদেশের প্রতিষ্ঠা সম্পর্কেও সম্যক ধারণা পাবে। এ ছাড়া ভাষা সঠিকভাবে লেখার জন্য বাংলা টাইপের নিয়ম, প্রমিত বাংলা বানানের নিয়ম, যুক্তবর্ণ এবং শুদ্ধ উচ্চারণে কথা বলার জন্য প্রমিত বাংলা উচ্চারণের নিয়ম পাঠ্য করা হয়েছে।

কোর্সের লক্ষ্য ও উদ্দেশ্য

এই কোর্সের উদ্দেশ্য শিক্ষার্থীদের বাংলা ভাষার উপর দক্ষতা অর্জন এবং বাংলা সাহিত্যের প্রতি আগ্রহী করে তুলতে প্রয়োজনীয় পাঠদান করানো। এ জন্য বাংলা সাহিত্যের উল্লেখযোগ্য কিছু সৃষ্টি এবং বাংলা ভাষার ব্যবহারিক ও গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার মধ্য দিয়ে শিক্ষার্থীদের মননশীলতা সমৃদ্ধ করা।

শিক্ষার্থীদের অর্জন

কোর্সের বিষয়বস্তুর এমনভাবে বিন্যাস করা হয়েছে, যাতে শিক্ষার্থীরা তাদের শেখা বিষয়গুলোর মধ্য দিয়ে নিম্নোক্ত বিষয়গুলো অর্জন করতে সক্ষম হবে:

কাঙ্ক্ষিত অর্জন ১	১. মানবিক মূল্যবোধ ও সামাজিক দায়বদ্ধতা **অনুধাবন**
কাঙ্ক্ষিত অর্জন ২	২. বাংলা ভাষার সঠিক চর্চা ও শুদ্ধ ব্যবহারের মাধ্যমে **ভাষিক দক্ষতা ও বাচিক পারঙ্গমতা** এবং লেখার ক্ষেত্রে **সৃজনশীলতা ও উদ্ভাবনী** ক্ষমতার **প্রায়োগিক পারদর্শিতা** লাভ
কাঙ্ক্ষিত অর্জন ৩	৩. সাহিত্যে রাষ্ট্রভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধের প্রতিফলন অনুসন্ধানের মধ্য দিয়ে সামগ্রিক **ইতিহাস চর্চা**য় (Inter Disciplinary) আগ্রহ বৃদ্ধি
কাঙ্ক্ষিত অর্জন ৪	৪. দেশাত্মবোধ ও সাংস্কৃতিক মূল্যবোধের সঙ্গে বৈশ্বিক দৃষ্টিভঙ্গির **তুলনামূলক বিচার-বিশ্লেষণমূলক চিন্তাচর্চা**
কাঙ্ক্ষিত অর্জন ৫	৫. প্রগতিশীলতা, অসাম্প্রদায়িক চেতনা, আর্থ-সামাজিক ও রাজনৈতিক সাম্য **চেতনার অনুশীলন**
কাঙ্ক্ষিত অর্জন ৬	৬. দেশকাল ও পরিস্থিতি বিবেচনায় যুগোপযোগী দৃষ্টিভঙ্গি লাভ ও প্রয়োজনীয় সিদ্ধান্তে **পারঙ্গমতা অর্জন**
কাঙ্ক্ষিত অর্জন ৭	৭. দলগত কাজে পারস্পরিক **সমানুভূতির চর্চা ও যোগাযোগ দক্ষতা** বৃদ্ধি
কাঙ্ক্ষিত অর্জন ৮	৮. ভিন্নমতের প্রতি শ্রদ্ধা, **সহমর্মিতা, শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতা**

বাংলা ভাষা ও সাহিত্য কোর্সের শিক্ষকমণ্ডলী

নাম	ইমেইল
ড. নিমাই মণ্ডল, সহকারী অধ্যাপক ও সমন্বয়ক	nemai.mondal@bracu.ac.bd
ড. মাহফুজা হিলালী, সহকারী অধ্যাপক	mahfuza.hilali@bracu.ac.bd
ইসমাইল সাদী (এম. ফিল, পিএইচ. ডি গবেষক), প্রভাষক	ismile.hosain@bracu.ac.bd
শামীমা আক্তার (এম. ফিল, পিএইচ. ডি গবেষক), প্রভাষক	shamima.akhter@bracu.ac.bd
আর এ এম হাসান তালুকদার (এম. ফিল গবেষক), প্রভাষক	hasan.talukder@bracu.ac.bd
পারভীন আক্তার, প্রভাষক	parvin.akter@bracu.ac.bd
মাফরুহা সিফাত, প্রভাষক	mafruha.shifat@bracu.ac.bd
চৈতী চক্রবর্তী (এম. ফিল গবেষক), প্রভাষক	chaitee.chakraborty@bracu.ac.bd

মূল্যায়ন কৌশল ও গ্রেডিং পদ্ধতি

পূর্ণমান ১০০: মানবণ্টন

বিষয়	নম্বর
অংশগ্রহণ ও পপ কুইজ	২০
কুইজ ১	০৫
অ্যাসাইনমেন্ট ১	০৫
কুইজ ২	০৫
অ্যাসাইনমেন্ট ২	০৫
মধ্যবর্তী পরীক্ষা	২০
অ্যাসাইনমেন্ট ৩	০৫
কুইজ ৩	০৫
অ্যাসাইনমেন্ট ৪	০৫
মৌখিক পরীক্ষা	০৫
সমাপনী পরীক্ষা	২০

সেশনে অংশগ্রহণের আচরণবিধি ও অধ্যয়ন-নিষ্ঠা

১. সব শিক্ষার্থী যেন প্রত্যেকের কাছ থেকে শিখতে পারে, তাই পরস্পরের প্রতি সম্মান রেখে পাঠদান ও মতামত প্রদান করা হয়ে থাকে। কেননা, সব সেশনই অংশগ্রহণমূলক হয়ে থাকে। এ ক্ষেত্রে জিজ্ঞাসা করা বা জানতে চাওয়াকে উৎসাহিত করা হয়।
২. অনাবশ্যক ও অপ্রাসঙ্গিক কথোপকথন পরিহার করতে হবে, যাতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় থাকে।
৩. অপরিহার্য কারণ ছাড়া পাঠ চলাকালে সেশন ত্যাগ করাকে নিরুৎসাহিত করা হয়।
৪. সেশন চলাকালে মুঠোফোন ব্যবহার নিষিদ্ধ।
৫. শিক্ষার্থীদের শতভাগ নিজস্ব চিন্তা-চেতনায় সর্বত্র উদ্বুদ্ধ হতে এবং অনুকরণ না করতে উৎসাহিত করা হয়। এ ব্যাপারে ব্র্যাক ইউনিভার্সিটির আচরণবিধি বা অনুশাসন অনুসৃত হয়।

শিক্ষাক্ষেত্রে স্বকীয়তা

এই কোর্সের সকল শিক্ষার্থীকেই ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষা-সংক্রান্ত স্বকীয়কতা নিয়মনীতিকে (Code of Academic Integrity) বাধ্যতামূলকভাবে মেনে চলতে হবে। শিক্ষার্থী কর্তৃক উপস্থাপিত যেকোনো লেখা হতে হবে মৌলিক। কারও লেখা নকল করলে কিংবা প্রকাশিত, অপ্রকাশিত অথবা বৈদ্যুতিন উৎস থেকে কোনো লেখা তথ্যসূত্র বা উদ্ধৃতি উল্লেখ না করে নিজের লেখায় ব্যবহার করাই হলো কুম্ভীলক বৃত্তি বা লেখা চুরি (প্ল্যাজিয়ারিজম)। চুরি প্রমাণিত হলে সংশ্লিষ্ট সকল শিক্ষার্থী স্বয়ংক্রিয়ভাবেই শূন্য গ্রেড পাবে। এর বাইরেও এই নীতি অবজ্ঞাকারীকে কোর্সে অকৃতকার্য (ফেইল করা) হিসেবে গণ্য করা এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান করা হতে পারে।

যোগাযোগের রীতি

শিক্ষার্থীরা অফিসিয়াল ইমেইলে সমস্ত যোগাযোগ করবে এবং সকল প্রকার ঘোষণাপত্র সম্পর্কে শিক্ষার্থীদের সর্বদা সচেতন থাকতে হবে।

বিশেষ দ্রষ্টব্য: কোর্স–বিষয়ক যেকোনো নির্দেশনা পরিবর্তন, পরিবর্ধনের অধিকার কোর্সের শিক্ষকমণ্ডলী সংরক্ষণ করেন। এক্ষেত্রে **পরিবর্তিত বিষয়/বিষয়গুলো সম্পর্কে আগে থেকে জানিয়ে দেয়া হবে।**

শিক্ষার্থীদের আলোচনা এবং বোঝার জন্যে সেশনের পূর্বেই মূল পাঠ ও সহায়ক পাঠ পড়ে আসতে হবে। শিক্ষার্থীরা মূল ও সহায়ক পাঠ পড়েছে কিনা তা বোঝার জন্য প্রতিটি সেশনে ছোটো ছোটো প্রশ্নোত্তরমূলক পরীক্ষা নেয়া হবে।

অন্যান্য উপাদান এবং তথ্য/ নির্দেশনা পাঠদান সময়ে অথবা যথাযথ সময়ে সরবরাহ করা হবে।

BRAC UNIVERSITY Inspiring Excellence

ক্লাস পরিকল্পনা

বাংলা ভাষা ও সাহিত্য- ১০৩, BNG-103 (বাংলা মাধ্যম)

	সপ্তাহ ১
ক্লাস-১	কোর্স পরিচিতি ও বাংলা সাহিত্যের সংক্ষিপ্ত ইতিহাস + অ্যাসাইনমেন্ট-১
ক্লাস-২	শামসুর রাহমান: তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা
	সপ্তাহ ২
ক্লাস ৩	নির্ঝরের স্বপ্নভঙ্গ: রবীন্দ্রনাথ ঠাকুর
ক্লাস ৪	বাংলা টাইপের কৌশল ও সংযুক্ত ব্যঞ্জন বর্ণ + কুইজ ১
	সপ্তাহ ৩
ক্লাস-০৫	রবীন্দ্রনাথ ঠাকুর: পোস্টমাস্টার + অ্যাসাইনমেন্ট-২
ক্লাস-০৬	বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের নিয়ম-১
	সপ্তাহ ৪
ক্লাস-০৭	বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের নিয়ম-২
ক্লাস-০৮	উচ্চারণ: বাংলা একাডেমি উচ্চারণ বিধি-১ + কুইজ ২
	সপ্তাহ ৫
ক্লাস-০৯	পরীক্ষার প্রস্তুতিমূলক ক্লাস
ক্লাস-১০	**(মধ্যবর্তী পরীক্ষা)**
	সপ্তাহ ৬
ক্লাস-১১	উচ্চারণ: বাংলা একাডেমি উচ্চারণ বিধি-২ + অ্যাসাইনমেন্ট-৩
ক্লাস-১২	কাজী নজরুল ইসলাম: আজ সৃষ্টি-সুখের উল্লাসে
	সপ্তাহ ৭
ক্লাস-১৩	সৈয়দ ওয়ালীউল্লাহ্: নয়নচারা + কুইজ-৩
ক্লাস-১৪	রোকেয়া সাখাওয়াত হোসেন: বায়ুযানে পঞ্চাশ মাইল ও অবরোধ-বাসিনী
	সপ্তাহ ৮
ক্লাস-১৫	পরীক্ষার প্রস্তুতিমূলক ক্লাস
ক্লাস-১৬	মৌখিক পরীক্ষা + অ্যাসাইনমেন্ট-৪
	সপ্তাহ ৯
ক্লাস-১৭	মৌখিক পরীক্ষা
ক্লাস-১৮	মৌখিক পরীক্ষা
	সপ্তাহ ১০
ক্লাস-১৯	সমাপনী পরীক্ষা
ক্লাস-২০	

ক্লাস পরিকল্পনা

বাংলা ভাষা ও সাহিত্য- ১০৩, BNG-103 (ইংরেজি মাধ্যম)

	সপ্তাহ ১
ক্লাস-১	কোর্স পরিচিতি ও বাংলা সাহিত্যের সংক্ষিপ্ত ইতিহাস + অ্যাসাইনমেন্ট-১
ক্লাস-২	সৈয়দ শামসুল হক : আমার পরিচয় ১
	সপ্তাহ ২
ক্লাস ৩	সৈয়দ শামসুল হক : আমার পরিচয় ২
ক্লাস ৪	বাংলা টাইপের কৌশল ও সংযুক্ত ব্যঞ্জন বর্ণ + কুইজ ১
	সপ্তাহ ৩
ক্লাস-০৫	রবীন্দ্রনাথ ঠাকুর: পোস্টমাস্টার + অ্যাসাইনমেন্ট-২
ক্লাস-০৬	বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের নিয়ম-১
	সপ্তাহ ৪
ক্লাস-০৭	বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের নিয়ম-২
ক্লাস-০৮	উচ্চারণ: বাংলা একাডেমি উচ্চারণ বিধি-১ + কুইজ ২
	সপ্তাহ ৫
ক্লাস-০৯	পরীক্ষার প্রস্তুতিমূলক ক্লাস
ক্লাস-১০	**(মধ্যবর্তী পরীক্ষা)**
	সপ্তাহ ৬
ক্লাস-১১	উচ্চারণ: বাংলা একাডেমি উচ্চারণ বিধি-২ + অ্যাসাইনমেন্ট-৩
ক্লাস-১২	কাজী নজরুল ইসলাম: আজ সৃষ্টি-সুখের উল্লাসে
	সপ্তাহ ৭
ক্লাস-১৩	সৈয়দ ওয়ালীউল্লাহ্: নয়নচারা + কুইজ-৩
ক্লাস-১৪	রোকেয়া সাখাওয়াত হোসেন: বায়ুযানে পঞ্চাশ মাইল ও অবরোধ-বাসিনী
	সপ্তাহ ৮
ক্লাস-১৫	পরীক্ষার প্রস্তুতিমূলক ক্লাস
ক্লাস-১৬	মৌখিক পরীক্ষা + অ্যাসাইনমেন্ট-৪
	সপ্তাহ ৯
ক্লাস-১৭	মৌখিক পরীক্ষা
ক্লাস-১৮	মৌখিক পরীক্ষা
	সপ্তাহ ১০
ক্লাস-১৯	সমাপনী পরীক্ষা
ক্লাস-২০	

BRAC UNIVERSITY
Inspiring Excellence

বাংলা ভাষা ও সাহিত্য কোর্সের শিক্ষকমণ্ডলীর প্রোফাইল

ড. নিমাই মণ্ডল
সহকারী অধ্যাপক ও সমন্বয়ক, বাংলা ভাষা ও সাহিত্য, জেনারেল এডুকেশন প্রোগ্রাম, ব্র্যাক ইউনিভার্সিটি

ড. নিমাই মণ্ডল ২০১৮ সালের আগস্ট মাসে বাংলা ভাষা ও সাহিত্য কোর্সের সহকারী অধ্যাপক হিসেবে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে যোগ দেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বাংলা ভাষা ও সাহিত্যে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া থেকে তিনি পিএইচডি ডিগ্রি অর্জন করেন। আবৃত্তি বিষয়ে তিনিই দেশের একমাত্র পিএইচডি অর্জনকারী। কলেজ শিক্ষকতা দিয়ে জীবন শুরু করলেও পরে তিনি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, সাউথ ইস্ট বিশ্ববিদ্যালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে খণ্ডকালীন শিক্ষকতা করেন। বাংলা একাডেমি থেকে ১৯৯৬ সালে তাঁর 'আবৃত্তির কলাকৌশল' বই প্রকাশিত হয়। গবেষণামূলক প্রবন্ধও তিনি রচনা করেছেন। 'অনন্ত তৃষ্ণা' ও 'সাম্প্রদায়িকতা বিরোধী কবিতা' নামে তাঁর আবৃত্তির অডিও অ্যালবাম রয়েছে। মঞ্চে ও বিভিন্ন মিডিয়ায় তিনি নিয়মিত আবৃত্তি করেন। আবৃত্তি ও উচ্চারণের ওপর তিনি কর্মশালা পরিচালনা করেন এবং সেমিনারে বক্তব্য রাখেন। তাঁর অভিনীত বিজ্ঞাপনচিত্র দেশে ও আন্তর্জাতিক পুরস্কার পেয়েছে। তিনি নাটক, শর্ট ফিল্মে অভিনয় এবং উপস্থাপনাও করেন।

BRAC UNIVERSITY
Inspiring Excellence

ড. মাহফুজা সুলতানা হিলালী
সহকারী অধ্যাপক, বাংলা ভাষা ও সাহিত্য, জেনারেল এডুকেশন প্রোগ্রাম, ব্র্যাক ইউনিভার্সিটি

ড. মাহফুজা সুলতানা হিলালী ২০১৮ সালের ১ আগস্ট ব্র্যাক ইউনিভার্সিটিতে যোগদান করেছেন। তিনি একাধারে গবেষক, নাট্যকার এবং মঞ্চ-অভিনেত্রী। তাঁর বারোটি বই এবং ছয়টি গবেষণা-প্রবন্ধ প্রকাশিত হয়েছে।

তিনি ‘বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি’-এর ‘এনসাইক্লোপিডিয়া অব বাংলাদেশ ওয়ার অব লিবারেশন’ প্রকল্পে ‘তথ্য সংগ্রাহক ও গবেষক’ হিসেবে কাজ করেছেন। বাংলা একাডেমি প্রকাশিত ‘বিবর্তনমূলক বাংলা অভিধান’-এ ‘গবেষক এবং সংকলক’-এর দায়িত্ব পালন করেছেন। বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ‘গবেষণা ফেলো’ হিসেবে ‘আবদুল্লাহ আল মামুনের চলচ্চিত্র’ নিয়ে গবেষণা করেছেন। বাংলা সাহিত্য, বাঙালি সংস্কৃতি, মুক্তিযুদ্ধ, সাহিত্য-সমাজে নারীর অস্তিত্বশীলতা, থিয়েটার ইত্যাদি তাঁর আগ্রহের বিষয়।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ২০০৮ সালে এম.ফিল. ডিগ্রি এবং ২০১৪ সালে পিএইচ.ডি. ডিগ্রি অর্জন করেছেন। তাঁর গবেষণার বিষয় ছিলো যথাক্রমে ‘মানিক বন্দ্যোপাধ্যায়ের পাঁচটি উপন্যাসে জীবন ও সমাজ’ এবং ‘রবীন্দ্র-নাট্যে নারী’।

BRAC UNIVERSITY
Inspiring Excellence

মো. ইসমাইল হোসেন সাদী
প্রভাষক, বাংলা ভাষা ও সাহিত্য, জেনারেল এডুকেশন প্রোগ্রাম, ব্র্যাক ইউনিভার্সিটি

মো. ইসমাইল হোসেন সাদী ২০১৮ সালে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের আবাসিক সেমিস্টারে পরিচালিত বাংলা ভাষা ও সাহিত্য কোর্সের প্রভাষক হিসেবে যোগদান করেন। এর আগে তিনি দৈনিক *প্রথম আলোতে* জ্যেষ্ঠ পর্যালোচনা কর্মকর্তা, নিউজ অ্যান্ড কনটেন্ট পদে কর্মরত ছিলেন। এক বছর সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগে খণ্ডকালীন শিক্ষক হিসেবে নিয়োজিত ছিলেন। দুটি আন্তর্জাতিক ও একটি অভ্যন্তরীণ সাহিত্য সম্মেলনে গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেছেন। বিভিন্ন গবেষণা পত্রিকায় তাঁর চারটি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। একটি গবেষণাগ্রন্থ ও একটি প্রবন্ধের সংকলন প্রকাশিত হয়েছে। যুগ্মভাবে সম্পাদনা করেছেন তিনটি গ্রন্থ। স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করেছেন রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং এমফিল ডিগ্রি পেয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে। রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলামের সাহিত্যকর্মসহ বাংলাদেশের সাহিত্য নিয়ে গবেষণা করা তাঁর অন্যতম আগ্রহের বিষয়।

BRAC UNIVERSITY
Inspiring Excellence

শামীমা আক্তার
প্রভাষক, বাংলা ভাষা ও সাহিত্য, জেনারেল এডুকেশন প্রোগ্রাম, ব্র্যাক ইউনিভার্সিটি

শামীমা আক্তার ঢাকা বোর্ড, মানবিক বিভাগ থেকে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছেন। পরে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বাংলা সাহিত্যে বিএ অনার্স, এম এ ও এমফিল ডিগ্রি অর্জন করেন। বর্তমানে তিনি একই বিশ্ববিদ্যালয় থেকে উপন্যাস বিষয়ে পিএইচডি গবেষণা করছেন। তার আগে তিনি ছোটগল্পের ওপর এমফিল গবেষণা সম্পন্ন করেন। তার বেশ কিছু গবেষণামূলক প্রবন্ধ রয়েছে যা ঢাকা বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির প্রকাশনা থেকে প্রকাশিত। তার মানবাধিকার প্রতিষ্ঠান, কলেজ, গবেষণামূলক প্রতিষ্ঠান, বিদেশি প্রকল্প ও সংবাদপত্র প্রতিটি ক্ষেত্রে ৩ থেকে ৫ বছরের কাজের অভিজ্ঞতা রয়েছে। জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের বেশ কিছু সেমিনারে তিনি অংশগ্রহণ করেছেন। বর্তমানে তিনি সাভার খাগানে অবস্থিত ব্র্যাক বিশ্ববিদ্যলয়ের আবাসিক ক্যাম্পাসে বাংলা ভাষা ও সাহিত্যের শিক্ষক হিসেবে সেবা দিয়ে যাচ্ছেন।

BRAC UNIVERSITY
Inspiring Excellence

আর এ এম হাসান তালুকদার

প্রভাষক, বাংলা ভাষা ও সাহিত্য, জেনএড প্রোগ্রাম, ব্র্যাক ইউনিভাসিটি

ব্র্যাক ইউনিভার্সিটির বাংলা ভাষা ও সাহিত্য কোর্সটির জনাব হাসান তালুকদার একজন প্রতিষ্ঠাকালীন অনুষদ সদস্য। এর পূর্বে প্রায় নয় বছর তিনি বাংলাদেশ ক্যাডেট কলেজ সার্ভিসে অনুষদ সদস্য হিসেবে কর্মরত ছিলেন। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় হতে বাংলা ভাষা ও সাহিত্যে স্নাতকোত্তর সম্পন্ন করার পর বর্তমানে এমফিল গবেষণারত। তার গবেষণার বিষয় তুলনামূলক সাহিত্য এবং বাংলা, ফরাসী ও জর্মন উপন্যাসের তুলনামূলক বিচার।

BRAC UNIVERSITY
Inspiring Excellence

পারভীন আক্তার

প্রভাষক, বাংলা ভাষা ও সাহিত্য, জেনএড প্রোগ্রাম, ব্র্যাক ইউনিভার্সিটি

পারভীন আক্তার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ থেকে বি এ (সম্মান) ও এম এ ডিগ্রী সম্পন্ন করেছেন। বি সি সি পি এর ফ্যাসিলিটেটর হিসেবে তাঁর কর্মজীবনের সূচনা। পরবর্তীতে বেপজা এর অন্তর্ভুক্ত একটি বহুজাতিক প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন, শিক্ষকতার প্রতি তীব্র আগ্রহ নিয়ে অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুলের সিনিয়র শিক্ষক হিসেবে তিনি তার কর্মক্ষেত্র পরিবর্তন করেন। ২০১৮ সালের আগস্ট হতে তিনি ব্রাক বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্য কোর্সের প্রভাষক হিসেবে কর্মরত আছেন। নারীর ক্ষমতায়ন ও আধুনিক শিক্ষা বিজ্ঞান তার পছন্দের ক্ষেত্র।

BRAC UNIVERSITY
Inspiring Excellence

মাফরুহা সিফাত

প্রভাষক, বাংলা ভাষা ও সাহিত্য, জেনারেল এডুকেশন প্রোগ্রাম, ব্র্যাক ইউনিভার্সিটি

মাফরুহা সিফাত ২০১৮ সালে, ব্র্যাক ইউনিভার্সিটির রেসিডেনশিয়াল সেমিস্টারে, বাংলা ভাষা ও সাহিত্য কোর্সে প্রভাষক হিসেবে যোগদান করেছে। সে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ও স্নাতক সম্পন্ন করেছে যথাক্রমে ২০১৫ ও ২০১৪ সালে। ব্র্যাক ইউনিভার্সিটিতে যোগদানের পূর্বে মাফরুহা সিফাত ঢাকার আদমজী ক্যান্টনমেন্ট কলেজের প্রভাষক হিসেবে হিসেবে নিযুক্ত ছিলো। মাফরুহা *পোস্টকলোনিয়াল পারসপেকটিভ* ও *এনট্যাংগেলড ইংলিশেস ইন ট্রানসলোকাল স্পেসেস* বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন এবং *ফরেন ল্যাংগুয়েজ এডুকেশন ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোলস* বিষয়ক আঞ্চলিক সম্মেলনে অংশগ্রহণ করেছে। বর্তমানে সে পোস্টকলোনিয়াল সাহিত্য ও তুলনামূলক সাহিত্য নিয়ে উচ্চতর গবেষণা করছে। বাংলা ভাষা ও সাহিত্যের একজন শিক্ষক হিসেবে মাফরুহা সাহিত্যের মাধ্যমে ভাষা শিক্ষা, আধুনিক শিক্ষা-বিজ্ঞান ও অর্জনভিত্তিক শিক্ষা পদ্ধতি নিয়েও গবেষণা করছে। গবেষণাক্ষেত্রে তার অন্যান্য আগ্রহের বিষয়ের মধ্যে রয়েছে বাংলা এবং বাংলাদেশের সাহিত্যের বিশ্বায়ন এবং অনুবাদ বিদ্যা।

BRAC UNIVERSITY
Inspiring Excellence

চৈতী চক্রবর্তী

প্রভাষক, বাংলা ভাষা ও সাহিত্য, জেনারেল এডুকেশন প্রোগ্রাম, ব্র্যাক ইউনিভার্সিটি

চৈতী চক্রবর্তী ব্র্যাক ইউনিভার্সিটির বাংলা ভাষা ও সাহিত্য কোর্সের প্রভাষক হিসেবে কর্মরত আছেন। তিনি ২০১৮ সালের সেপ্টেম্বরে ব্র্যাক ইউনিভার্সিটিতে যোগদান করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ থেকে বি.এ.(অনার্স) এবং এম.এ. সম্পন্ন করেছেন। এখন, তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে এম.ফিল করছেন। তার আগ্রহের কেন্দ্রবিন্দু হল বাংলাদেশের মঞ্চ-নাটক। তার গবেষণার বিষয়: বাংলাদেশের নাটকে মুক্তিযুদ্ধ(১৯৭১-১৯৯০)। এছাড়া, তিনি আইন বিষয়ে স্নাতক ডিগ্রি অর্জন করেছেন। তিনি একজন সাংস্কৃতিক কর্মী।

মোঃ রেজাউল করিম রাজু

শিক্ষা সহকারী, বাংলা ভাষা ও সাহিত্য, জেনারেল এডুকেশন প্রোগ্রাম, ব্র্যাক ইউনিভার্সিটি

মোঃ রেজাউল করিম রাজু ব্র্যাক ইউনিভার্সিটির জেনারেল এডুকেশন প্রোগ্রামের একজন অনুষদ সদস্য। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর শেষ করেছেন এবং ২০২০ সালে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্য কোর্সে শিক্ষা সহকারী হিসেবে যোগদান করেন। তিনি ব্র্যাকের রিসার্চ অ্যান্ড ইভ্যালুয়েশন ডিভিশনের (আরইডি) একজন প্রাক্তন গবেষণা সহকারী। এছাড়াও তিনি ডিউক অফ এডিনবার্গ যুব নেতৃত্ব কর্মসূচির রৌপ্য পুরস্কার অর্জন করেছেন এবং সমাজকল্যাণে নিবেদিত বিভিন্ন সংগঠনে (বাঁধন, প্রকৃতি সংরক্ষণ উদ্যোগ) কাজ করেছেন। তাঁর গবেষণা আগ্রহের মধ্যে রয়েছে প্রতিবেশবাদী সমালোচনার দৃষ্টিতে বাংলা সাহিত্য বিশ্লেষণ, সৃজনশীল রচনা এবং বাংলা ভাষার শিক্ষাদান পদ্ধতির সীমাবদ্ধতা।

Inspiring Excellence